# সেরা সিস্টেম রিপেয়ার সফটওয়্যার

লুৎফুন্নেছা রহমান

অন্যান্য যেকোনো ডিভাইসের মতো কমপিউটার সিস্টেমেরও নিয়মিত পরিচর্চা দরকার। কমপিউটার পরিচর্যা সাধারণত ভেহিকল, অ্যাপ্লায়েন্স এবং অন্যান্য সবকিছু থেকে সম্পূর্ণ ভিন্ন। এর কারণ, ব্যবহারকারীকে শুধু হার্ডওয়্যার মেইনটেইন করলেই হয় না বরং ব্যবহারকারীর কমপিউটারে ব্যবহৃত সফটওয়্যারগুলোও পরিচর্যা করতে হয়।

## সিস্টেম রিপেয়ার সফটওয়্যার ব্যবহার

যেকোনো উইন্ডোজ কমপিউটার প্রথম কেনার পর যখন রান করানো হয়, তখন এর পারফরম্যান্স চমৎকার থাকে। কেননা, কমপিউটার প্রস্তুতকারক সিস্টেম সেটিং টিউন করে দেয় আদর্শভাবে। এ সময় এমন কোনো প্রোগ্রাম ক্লাটার থাকে না, যা সিস্টেমের গতি কমিয়ে দেবে। খুব স্বাভাবিকভাবে কমপিউটার ব্যবহার হওয়ার পরও এক সময় রেজিস্ট্রি করাপ্ট করতে পারে, হার্ডডিস্ক ফ্র্যাগমেন্টেড হতে পারে, র‌্যাম অতিরিক্ত ব্যবহার হতে পারে এবং ব্রাউজার ধীরগতিসম্পন্ন হতে পারে। সুতরাং, যথাযথ পরিচর্যা না হলে এক সময় উপরে উল্লিখিত বিষয়গুলো আপনার সিস্টেমের ক্ষতি করতে পারে।

মাইক্রোসফটের মতে, পিসির রেজিস্ট্রি সাধারণত স্বয়ংসম্পূর্ণ, তবে ওই রেজিস্ট্রি সেটিং এক সময় করাপ্ট করতে পারে। আরেকটি সমস্যা, যা সিস্টেমের পারফরম্যান্স স্লো করে দিতে পারে ডিস্ক ফ্র্যাগমেন্টেশন, যেখানে সংশ্লিষ্ট সিস্টেম ইনফরমেশন জমা হয় ডিস্ক ড্রাইভের বিভিন্ন লোকেশনে। সিস্টেম রিপেয়ার সফটওয়্যারে থাকে সিস্টেম ইউটিলিটি, যা সিস্টেমের আবর্জনা পরিষ্কার করবে, সিস্টেমের রেজিস্ট্রি এবং হার্ডড্রাইভ উভয়ই ডিফ্র্যাগ এবং অপটিমাইজ করবে। ভালো সিস্টেম রিপেয়ার সফটওয়্যারের সাথে যেমন থাকে রেজিস্ট্রি ও সিস্টেম ব্যাকআপ টুল, তেমনি থাকে রিস্টোর টুল, যা নিশ্চিত করে ডাটার নিরাপত্তা।

বিশ্বস্ত পাবলিশারের কাছ থেকে নেয়া পিসি রিপেয়ার সফটওয়্যার ব্যবহার করা উচিত। অনলাইনে পাওয়া যায় প্রচুর পরিমাণে সিস্টেম ও রেজিস্ট্রি অপটিমাইজেশন এবং রিপেয়ার স্ক্যান ইউটিলিটি, যেগুলো প্রতারণামূলক ও প্রকৃত অর্থে ধারণ করে স্পাইওয়্যার, অ্যাডওয়্যার বা ভাইরাস। এ কারণে বিশেষজ্ঞদের পরামর্শ– সুপ্রতিষ্ঠিত সফটওয়্যার ডাউনলোড ও ইনস্টল করা উচিত।

## সিস্টেম রিপেয়ার সফটওয়্যারের প্রতি খেয়াল রাখতে হবে

দীর্ঘদিনের ব্যবহৃত কমপিউটার সিস্টেমকে আবার নতুন কমপিউটারের মতো রান করানো খুব কঠিন কিছু নয়। সেরা সিস্টেম রিপেয়ার সফটওয়্যারের সাথে সমন্বিত থাকে ইউটিলিটি, যা সিস্টেমকে রিপেয়ার ও ফাইল রিকোভার করবে। সেই সাথে আপনাকে দেবে সিস্টেমের তথ্যসহ ভালো ডায়াগনস্টিক টুল, সিস্টেমকে অপটিমাইজ করবে যাতে ভালো পারফরম্যান্স পাওয়া যায়। সফটওয়্যারে যদি কোনো সমস্যা থাকে, তাহলে প্রয়োজনীয় সহায়তা ও সাপোর্ট দেবে। এগুলো হলো মূল বিষয়, যেগুলো সিস্টেম রিপেয়ার সফটওয়্যারের মূল্যায়নের ক্ষেত্রে বিবেচনা করা হয়।

## রিপেয়ার ও রিকোভারি

ভালো সিস্টেম রিপেয়ার সফটওয়্যারে রেজিস্ট্রি, হার্ডড্রাইভ ও ইন্টারনেট ব্রাউজার ক্লিনিং টুল সম্পৃক্ত থাকতে হবে। কমপিউটারের এ ক্ষেত্রগুলো সবচেয়ে বেশি ফ্র্যাগমেন্টেশন ও ডাউনলোড করা বিষয় থাকে। ভালো মানের রিপেয়ার টুল যেসব প্রসেস ও ফাইল সিস্টেম ব্যবহার করে না, সেগুলো বাদ দিয়ে দেয় এবং ভালো বা আদর্শ পারফরম্যান্সের জন্য সংশ্লিষ্ট তথ্যগুলো একত্রে রাখে। সবচেয়ে ভালো পিসি রিপেয়ার সফটওয়্যার প্যাকেজ দেয় সিস্টেম ব্যাকআপ ও রিস্টোর টুল ডাটা রক্ষা করার জন্য। আপনাকে দেবে শর্টকাট ম্যানেজ করতে এবং দুর্ঘটনাক্রমে ডিলিট হওয়া ফাইলকে রিকোভার করতে সহায়তা।

## ডায়াগনস্টিক

ডায়াগনস্টিক টুলকে হতে হবে সহজ ব্যবহারযোগ্য এবং উইন্ডোজ সিস্টেমে যে টুল প্রিলোড করে দিয়েছে তার চেয়ে বেশি সিস্টেম ইনফরমেশন যুক্ত হতে হবে। ভালো মানের সিস্টেম রিপেয়ার সফটওয়্যার, যা ব্যবহারকারীকে দেবে অধিকতর তথ্য। সিস্টেম ইনফরমেশন ছাড়াও ভালো মানের সফটওয়্যার কীভাবে আপনার কমপিউটারের পারফরম্যান্স আরও ভালো করা যায়, সে সম্পর্কিত উপদেশও দেয়। ভালো মানের পিসি ডায়াগনস্টিক সফটওয়্যারে থাকে অল-ইন-ওয়ান টুল, যা আপনার সিস্টেমকে স্ক্যান করবে ও রিপেয়ার পারফরম করবে এক সিঙ্গেল ক্লিকে।

## অপটিমাইজেশন

পিসি পারফরম্যান্স সফটওয়্যারে সম্পৃক্ত থাকে অপটিমাইজার, যেগুলো হলো সিস্টেম ইউটিলিটি, যা ইন্টারনেট, মেমরি, হার্ডড্রাইভ ও উইন্ডোজের পারফরম্যান্স উন্নত করে। ভালো মানের অপটিমাইজার অলস প্রোগ্রাম এবং কাস্টোমাইজ প্রোগ্রাম ও প্রসেসের মাধ্যমে ব্যবহার হওয়া র‌্যামকে ফ্রি করে। এগুলো সিস্টেম বুট হওয়ার সময় লোড হয়। এভাবে সিস্টেম স্টার্টআপ সময় দ্রুততর করা যায়। ভালো মানের সিস্টেম রিপেয়ার সফটওয়্যার উইন্ডোজ এবং প্রোগ্রাম প্রেফারেন্সকে হাই পারফরম্যান্স লেভেলে মডিফাই করে।

## হেল্প ও সাপোর্ট

যেকোনো সফটওয়্যারে সমস্যা হতে পারে। তবে কখনও কখনও তা খুব বিরক্তিকর হয়ে উঠতে পারে, বিশেষ করে যখন আপনার কমপিউটার সিস্টেম উন্নত করতে সফটওয়্যার ডিজাইন ব্যবহারের সময় যদি কোনো সমস্যা উদ্ভব হয়। বড় বড় সফটওয়্যার কোম্পানি হার্ডডিস্ক রিপেয়ার সফটওয়্যার অ্যাপ্লিকেশন সমন্বিত করে এবং ই-মেইল সাপোর্ট দেয়া। এটি চমৎকার FAQ সেকশন এতে আছে এবং দ্রুত সাড়া পাওয়ার জন্য রয়েছে লাইভ চ্যাট অপশন।

## সিস্টেম মেকানিক

মানসম্মত সিস্টেম রিপেয়ার সফটওয়্যার আপনাকে সহায়তা করবে আত্মবিশ্বাসের সাথে উইন্ডোজ পিসিকে রিপেয়ার ও অপটিমাইজ করার ক্ষেত্রে। অন স্ক্রিন গাইডের সহায়তায়, অল-ইন-ওয়ান এবং বহুমুখী কর্মশক্তিসম্পন্ন তথা ভার্সাটাইল সেটিংয়ে আপনি হোম কমপিউটারকে অপটিমাইজ করতে পারবেন। সিস্টেম রিপেয়ার সফটওয়্যার সিস্টেমের পারফরম্যান্স বাড়াতে এবং অব্যাহত মেইনটেনেন্সের মাধ্যমে ভবিষ্যতের সমস্যা প্রতিরোধ করতে পারবে।

আপনার পিসি যেসব প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারবে, সিস্টেম মেকানিক নামের সিস্টেম রিপেয়ার টুল অব্যাহতভাবে তা ভাঙতে চেষ্টা করে। LiveBoost হলো এক ব্যতিক্রমধর্মী উন্নয়ন, যা এক রিয়েল টাইম প্রতিক্রিয়াশীল টেকনোলজি। এটি দেয় অধিকতর কর্মতৎপর মেশিন, যা আপনার প্রয়োজনের চেয়ে বেশি ভালোভাবে টিউন করা। উইন্ডোজ কাস্টোমাইজেশন সেটিং অ্যানহ্যান্সমেন্ট আপনাকে দেবে অধিকতর সিস্টেম কন্ট্রোল, যেখানে থাকে আরও অধিকতর বিস্তৃত ডায়াগনস্টিক মনিটর এবং পিসির হেলথ রক্ষা করে। পারফরম্যান্স, কনফিগারেশন এবং ডায়াগনস্টিক উন্নয়ন প্রভৃতি বৈশিষ্ট্য সিস্টেম মেকানিক টুলকে করেছে সিস্টেম রিপেয়ার সফটওয়্যারগুলোর মধ্যে সবচেয়ে স্মার্ট ভার্সন।

## সিস্টেম মেকানিকের উল্লেখযোগ্য ফিচার

**সর্বোচ্চ পারফরম্যান্সের জন্য এনার্জি বুস্টার :** অব্যবহৃত ব্যাকগ্রাউন্ড প্রোগ্রামগুলো বন্ধ করলে পিসির গতি যেমন বাড়বে, তেমনি মেমরি ফ্রি হবে অপ্রয়োজনীয় ব্যাকগ্রাউন্ড প্রোগ্রাম বন্ধ থাকার কারণে।

**অব্যবহৃত ও কদাচিৎ ব্যবহার হওয়া প্রোগ্রাম অপসারণ করা :** অব্যবহৃত ও কদাচিৎ ব্যবহার হয় এমন প্রোগ্রাম অপসারণ করে পিসির পারফরম্যান্স ও স্ট্যাবিলিটি তথা স্থায়িত্ব উন্নত করা।

**স্টার্টআপ অপটিমাইজার :** অপ্রয়োজনীয় বা ম্যালিশাস স্টার্টআপ ফাইল যেগুলো স্টার্টআপের সময় চালু হয়, সেগুলো অপসারণ করে উইন্ডোজ স্টার্টআপ সময় অনেক কমিয়ে আনা সম্ভব।

## অপটিমাইজেশন

ফিক্স-ইট ইউটিলিটির রয়েছে সহজ ইউজার ইন্টারফেজ, আর অপটিমাইজেশন টুল হলো অপটিমাইজেশন ট্যাবের আবাস। একটি টুল হলো স্টার্টআপ ম্যানেজার, যা আপনার স্টার্টআপ অ্যাপ্লিকেশন জুড়ে কাজ করে এবং অপ্রয়োজনীয় ফাইল ও প্রসেস অপসারণ করে, যাতে আপনার কমপিউটারের বুটআপ টাইম উন্নত হয় অর্থাৎ দ্রুতগতিতে রান করে। এতে অনেক ওয়ান-ক্লিক অপশন আছে, যা ক্লিনিং প্রসেসকে সহজতর করে বা সিস্টেমকে ফিক্স করে। উইজার্ড দেয় প্রতিটি ওয়ান-ক্লিকের জন্য স্টেপ-বাই-স্টেপ নির্দেশাবলী।

## অ্যাসেম্পু উইনঅপটিমাইজার ১১

উইনঅপটিমাইজার হলো কমপিউটার ডায়াগনস্টিক সফটওয়্যার, যা তৈরি করে ফিক্স-ইট ইউটিলিটিস ১৫ প্রফেশনাল এবং এতে রয়েছে সিস্টেম টুল ডিজাইন, যাতে উইন্ডোজ পিসির পারফরম্যান্স বাড়ানো যায়। এই সিস্টেম রিপেয়ার সফটওয়্যারটি হলো অন্যতম সেরা রিপেয়ার এবং রিকোভারি টুল। এটি বেশ শক্তিশালী তথা কার্যকর এবং সহজে ব্যবহারযোগ্য টুল। এ কারণে বিশেষজ্ঞদের রিভিউ করা শীর্ষ দশ টুলের মধ্যে অ্যাসেম্পু উইনঅপটিমাইজার ১১ ব্রোঞ্জপদক পায়।

উইনঅপটিমাইজার হলো অন্যতম সেরা পিসি রিপেয়ার সফটওয়্যার প্যাকেজ এবং রিপেয়ার ও রিকোভারি টুল ব্যবহারকারীর কাছে দু'ভাবে উপস্থাপিত হয়। আপনি ব্যবহার করতে পারেন সাধারণ ওয়ান-ক্লিক স্ক্যান, যা এরর খুঁজে বের করবে এবং সেগুলো সংশোধন করে কোন সফটওয়্যারের কারণে এমনটি হয়েছে, তা না জেনেই। অথবা আপনি প্রতিটি টুলের মধ্য থেকে যেকোনো একটি বেছে নিতে পারেন স্বতন্ত্রভাবে রান করানোর জন্য এবং প্রতিটি প্রোগ্রাম এবং প্রসেস ব্যবহারকারীকে অবহিত করবে যেগুলো ডিলিট করা হচ্ছে। এ টুল বেশ সুসজ্জিত এবং এগুলোকে একটি সিঙ্গেল স্ক্রিনে ভিউ করানোর জন্য বেছে নিতে পারবেন অথবা ক্যাটাগরি বা ফাংশন অনুযায়ী গ্রুপ করতে পারবেন। আপনার কমপিউটার সিস্টেম ফিক্স করার জন্য প্রয়োজনীয় টুল খুঁজে পেতে এটি বিশেষভাবে সহায়য়ক হয়ে ওঠে।




অ্যাসেম্পু উইনঅপটিমাইজার ১১-এর Favorites ট্যাব আপনি যেসব টুল সবচেয়ে বেশি ব্যবহার করবেন, সেগুলো ট্র্যাক করে। এটি আপনাকে দ্রুতগতিতে প্রয়োজনীয় টুলে অ্যাক্সেস করার সুযোগ দেয় যেগুলোকে সচরাচর রান করাতে হয় সিস্টেমের হেলথ উন্নত করতে।

*ডায়াগনস্টি ফিচার :* অ্যাসেম্পু উইনঅপটিমাইজার ১১-এ রয়েছে ফাইল স্প্লিটিং এবং জয়েনিং টুল, যা বড় আকারের ফাইলকে ভেঙে ফেলে ট্রান্সমিশনের জন্য বা রাইটিংয়ের জন্য। ফাইলকে ছোট ছোট খণ্ডে ভাঙ্গে এবং পরে ওই খণ্ডগুলোকে একত্রে মার্জ করা হয় উইনঅপটিমাইজার ১১ দিয়ে।

অ্যাসেম্পু উইনঅপটিমাইজার ১১ টুল সম্পৃক্ত করে এমন টুল, যা আপনার হার্ডড্রাইভের হেলথ এবং র‍্যাম চেক করে এবং এগুলোকে ডিজাইন করা হয়েছে আপনাকে সতর্ক করার জন্য যদি যদি কোনোটি ফেইল করার পথে থাকে।

*অপটিমাইজেশন :* উইনঅপটিমাইজার ১১ অফার করে ওয়ান-ক্লিক অপটিমাইজেশন টুল। দ্রুতগতিতে সিস্টেম পরিষ্কার করার জন্য এ টুলটি বেশ সহায়ক ভূমিকা পালন করে। স্টার্টআপ প্রোগ্রাম ম্যানেজার আপনাকে সুযোগ দেবে কোন প্রোগ্রাম এবং প্রসেস শুরু হবে যখন অপারেটিং সিস্টেম চালু হয়।

## অ্যাডভ্যান্সড সিস্টেম অপটিমাইজার ৩

অ্যাডভ্যান্সড সিস্টেম অপটিমাইজার ৩-এর ইন্টারফেসটি ক্লিন এবং সহজ নেভিগেশনবিশিষ্ট, যা হলো সত্যিকার অর্থে অন্যান্য সিস্টেম রিপেয়ার সফটওয়্যারের তুলনায় বেশি সুবিধাজনক। অ্যাডভ্যান্সড সিস্টেম অপটিমাইজার ব্যবহার করে পপ-আউট উইন্ডো। এই ফিচার নেভেগেটিং সিস্টেমকে সহজতর করে তুলে অন্যদের তুলনায়। পিসি রিপেয়ার সফটওয়্যার রান করে প্রতিটি টুল এক সিঙ্গেল উইন্ডোতে।





অ্যাডভ্যান্সড সিস্টেম অপটিমাইজারের স্ক্রিন খুবই ডিটেইল এবং সিস্টেম সংক্রান্ত তথ্য দেয়। এতে সম্পৃক্ত থাকে সম্ভাব্য এরর, জাঙ্ক ফাইল এবং প্রসেস, যা পিসির পারফরম্যান্সে বাধা সৃষ্টি করে তথা পিসির পারফরম্যান্স কমিয়ে দেয়। এমন অবস্থায় ব্যবহার করতে পারেন কমপিউটার রিপেয়ার সফটওয়্যার, যা পিসির এমন অবস্থার কারণ বের করে প্রয়োজনীয় পরামর্শ দেবে, যাতে পিসির হেলথ অপটিমাইজ করে।

অ্যাডভ্যান্সড সিস্টেম অপটিমাইজারের গেম অপটিমাইজার দেবে প্রাইভেট ভার্চুয়াল ডেস্কটপ। এটি আপনি ব্যবহার করতে পারেন সর্বোচ্চ প্রসেসিং পাওয়ারে গেম প্লে করার জন্য, যেখানে এক্সটারনাল অ্যাপ্লিকেশনের কোনো বাধা ছাড়া। গেমের স্পিডের জন্য এটি আরও দেবে সর্বোচ্চ মেমরি অ্যালোকেশন। এছাড়া এটি আরও দেয় প্রধান কী ম্যাপ ফাংশনালিটি, যা আপনাকে সহায়তা দেবে ডিফল্ট কী।

মেমরি অপটিমাইজার প্রদর্শন করে মোট মেমরি এবং সিস্টেমের মাধ্যমে কোথায় ব্যবহার হচ্ছে। মেমরির জন্য অটো অপটিমাইজেশনাল টুলের রয়েছে ভালো ডিফল্ট সেটিং অথবা আপনি ম্যানুয়ালি সেট করতে পারেন পার্সোনাল অপটিমাইজেশনাল সেটিং, যা নির্দিষ্ট করে কখন মেমরি ফ্রি হবে, যা অলস প্রোগ্রাম ধরে রাখে কজ

## ফিক্স-ইট ইউটিলিটিস প্রফেশনাল ১৫




অ্যাভানকোয়েস্টের ডেভেলপ করা ফিক্স-ইট ইউটিলিটি প্রফেশনাল ১৫ কমপিউটারকে স্মুথলি রান করানোর টুল ও ফিচার। এই সিস্টেম রিপেয়ার সফটওয়্যার শ্রেষ্ঠতর হয়ে উঠেছে সলিড রিপেয়ার এবং রিকোভারি টুল, ইনফরমেটিভ ডায়াগনস্টিক ও অপটিমাইজেশন টুলসহ যাতে সিস্টেম পারফরম্যান্স উন্নততর হয় এবং হেল্প অ্যান্ড সাপোর্ট থাকে সবার ওপরে। ফিক্স-ইট ইউটিলিটিস প্রফেশনাল ১৫-এতে রয়েছে ব্যাপক বিস্তৃত বিভিন্ন ধরনের বাড়তি ফিচার, যা আপনি বেশিরভাগ পিসি রিপেয়ার সফটওয়্যারে পাবেন না। ফিক্স-ইট ইউটিলিটিস প্রফেশনাল ১৫-এ আরও আছে অন্যান্য কমপিউটার বা ডিভাইসে ডিভাইস ম্যানেজার হিসেবে আচরণ করার সক্ষমতা। ফিক্স-ইট ইউটিলিটি অর্জন করে সম্মানজনক 'টপ টেন রিভিউস সিলভার অ্যাওয়ার্ড'। কেননা, কমপিউটারের গতি বাড়াতে এর রয়েছে প্রয়োজনীয় টুল, স্পাইওয়্যার ও ভাইরাসের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে সক্ষম এবং ডিভাইস ম্যানেজার হিসেবে আচরণ করতে পারে এই টুলটি।

## ফিক্স-ইট ইউটিলিটিস প্রফেশনাল ১৫-এর উল্লেখযোগ্য বৈশিষ্ট্য

**রিপেয়ার ও রিকোভারি :** এই টুলের প্রধান ফিচার হলো খুবই শক্তিশালী তথা কার্যকরভাবে স্ক্যানিংয়ে সক্ষমতা এবং দীর্ঘ সিলেকশনের রেজিস্ট্রি-ক্লিনিং টুল। এতে সম্পৃক্ত রয়েছে হার্ডডিস্ক রিপেয়ার টুল, যা সব অবৈধ ডিএলএল চেক করবে। ফাইল, ক্লাস কী এবং ফন্টকে সহায়তা করে। এটি অ্যাপ্লিকেশন পাথ, সাউন্ড এবং অ্যাপ ইভেন্ট, শেয়ার ফোল্ডার, শেল এক্সটেনশন ইত্যাদি অনেক কিছু চেক করে দেখে।

ক্ষতিকর ফাইল যেগুলো কমপিউটারের পারফরম্যান্সকে ধীরগতিসম্পন্ন করে দেয় তা থেকে কমপিউটারকে রক্ষা করার জন্য ফিক্স-ইট ইউটিলিটি দেবে আউটস্ট্যান্ডিং প্রটেকশন টুল। এই অ্যাপ্লিকেশন ভাইরাস, ম্যালওয়্যার এবং হ্যাকার ইত্যাদির বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলে। এটি শনাক্ত করে স্পাইওয়্যার ও কী-লগার, যেগুলো আপনার ব্যক্তিগত তথ্য চুরি করতে চেষ্টা করে। তবে যাই হোক, অন্যান্য সিস্টেম রিপেয়ার সফটওয়্যারের মতো এতে ফায়ারওয়াল ফাংশন নেই। ফিক্স-ইট ইউটিলিটি দেয় ফুল ব্যাকআপ এবং রিস্টোরের সক্ষমতা। রেজিস্ট্রিতে কাজ করার সময় যদি হঠাৎ কোনো ভুল হয়ে যায়, তাহলে আপনি স্বতন্ত্র কোনো আনডু টুল ব্যবহার করতে পারেন এরর ডিলিট করার জন্য এবং আপনার আগের পরিবর্তনকে রিস্টোর করতে পারেন।